গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ১৬/০৩/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২১ তম সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ এরশাদ উর-রশীদ
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ১৬ মার্চ ২০১৭ ; বিকাল ৩.০০ ঘটিকায় ।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভাপতির অনুরোধক্রমে উপ-পরিচালক ও সদস্য সচিব জনাব মোঃ আব্দুর রেজ্জাক বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন । কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। সভাপতি সভাকে অবহিত করেন যে, বিগত ২৭/০২/২০১৭ খ্রিঃ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভায় জুন'১৭ মাসের মধ্যে নিম্নবর্ণিত বিষয়াদি সম্পাদনের জন্য অধিদপ্তরকে পরামর্শ প্রদান করা হয়েছে যা টিমের বার্ষিক কর্মপরিকল্পনার অতিরিক্ত। পরামর্শগুলো হচ্ছে
ক. একটি ২ দিনের ইনোভেশন প্রশিক্ষণ আয়োজন,
খ. একটি ৫ দিনের ইনোভেশন প্রশিক্ষণ আয়োজন,
গ. একটি ২ দিনের মেন্টর প্রশিক্ষণ আয়োজন,
ঘ. ইনোভেশন শোকেসিং আয়োজন,
ঙ. ইনোভেটরদের প্রশিক্ষণ প্রদান,
চ. কর্মকর্তা প্রশিক্ষণে ইনোভেশন বিষয় অর্ন্তভূক্তি এবং
ছ. সোসাল মিডিয়ার মাধ্যমে ইতোমধ্যে ভুক্তভোগীদের কোন সমস্যা সমাধান না হওয়ায় হতাশ প্রকাশ করা হয়।

সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত বিষয়গুলো বাস্তবায়নে টিমের সকল সদস্যের সক্রিয় সহযোগিতা কামনা করেন এবং সদস্য সচিবকে কর্মকর্তাদের ২ দিনের প্রশিক্ষণ ও মেন্টর প্রশিক্ষণ আয়োজনের সম্ভাব্য ব্যয় বিভাজনসহ নথি পেশ করতে পরামর্শ প্রদান করেন। তিনি সভাকে আরও অবহিত করেন যে ৫দিনের প্রশিক্ষণটি কেন্দ্রীয় মানবসম্পদ কেন্দ্রে প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ৫দিনের প্রশিক্ষণ তথায় আয়োজিত হতে পারে। কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, বিগত সভায় ৮ টি সুপারিশ গৃহীত হয়েছিল। গৃহীত সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যারা মেন্টর হিসাবে ইনোভেটরদের সাথে যারা কাজ করছেন তাদের মেন্টিদের সাথে যোগাযোগ থাকলেও তা যৌক্তিকভাবে হচ্ছে না। মেন্টরিং বিষয়কে কার্যকর করার লক্ষ্যে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে স্ব স্ব মেন্টিদের নিকট হতে উপকরণ ১৩ ফরম পূরণ করে তাদের আইডিয়া সংগ্রহ করে মেন্টর হিসাবে নিয়োজিতগণ যার যার মেন্টির আইডিয়া চূড়ান্ত করার লক্ষ্যে আগামী সভায় উপস্থাপন করবেন। সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কার্যক্রমের তথ্যচিত্র ও অগ্রগতি সোসাল মিডিয়ায় নিয়মিত প্রচারের উপর গুরুত্বারোপ করা হয় এবং মন্ত্রিপরিষদের সভায় অসন্তোষের বিষয়ে সচেতন থাকার আলোচনা হয়। সহকারী পরিচারক (আইসিটি) জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাকে জানান যে, মাঠ পর্যায়ের সকল অফিসে Facebook page খোলা ও ব্যবহারের নির্দেশনা দিয়ে পত্র দেয়া হয়েছে , ফলে মাঠ পর্যায়ের অফিসগুলোতে Facebook page খোলা হয়েছে । সভাপতি সভাকে জানান যে, সোসাল মিডিয়ায় সেবা গ্রহিতাদের কোন মতামত বা পরামর্শ না পাওয়ার অর্থ হচ্ছে সেবা গ্রহিতাদের এ প্রক্রিয়ায় মতামত দেয়ার সুযোগ কতটুকু তা বিবেচনা করতে হবে । যুব উন্নয়ন অধিদপ্তরের blog কে active করার উদ্যোগের বিষয়েও আলোচনা হয় ।

২। সভায় জানানো হয় যে, ইনোভেশন টিমের ২০১৬ সালের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ইনেভেটরদের সম্মাননা প্রদানের বিষয়টি এখনও বাস্তবায়িত হয়নি। ইনোভেটরদের সম্মাননা/প্রনোদনা প্রদানের নীতি প্রণয়নের জন্য

গঠিত কমিটিকে দ্রুত কাজ শেষ করে প্রতিবেদন প্রদানের জন্য পুনরায় পত্র দিয়ে তাগিদ দেয়ার সুপারিশ গৃহীত হয় । ইনোভেশন টিমের ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকল সদস্যকে একযোগে কাজ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৩। এসআইএফ হতে প্রাপ্ত অর্থ ব্যবহার করে অন লাইনে প্রশিক্ষণ আবেদন প্রক্রিয়ার লক্ষ্যে মানিকগঞ্জ এবং কুমিল্লা জেলায় জানুয়ারি ২০১৭ থেকে বেজ লাইন সার্ভে এর কাজ শুরু হয়েছে বলে সভাকে জানানো হয় ।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমূহ গৃহীত হয় ।

সুপারিশ :

০১। ইনোভেশন টিমের প্রত্যেক সদস্য তাদের মেন্টির নিকট থেকে আলোচনা মাফিক উপকরণ ১৩ ফরমটি পূরণ করে তাদের উদ্যোগ সম্পর্কে জ্ঞাত হবে এবং চূড়ান্ত অনুমোদনের জন্য আগামী সভায় উপস্থাপন করবেন;
০২। প্রাপ্ত এস আই এফ ফান্ডের যথাযথ ব্যবহার নিশ্চিত করে নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যাবলী সমাপ্ত করা ;
০৩। অধিদপ্তরের গৃহীত উদ্যোগগুলি নিয়ে শোকেসিং এর আয়োজনের ব্যবস্থা করা এবং তদনুযায়ী স্ব স্ব দায়িত্ব প্রতিপালন করা ;
০৪। সোসাল মিডিয়ায় প্রচার কার্যক্রম প্রতিমাসের সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন এবং সেবা গ্রহীতাদের মতামত প্রতিপালিত হচ্ছে কিনা তা নিরূপন করা ;
০৫। ফরমস বাতায়নে প্রদেয় ফরম কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্ধারণ ও তথায় প্রেরণ ;
০৬। যুব উন্নয়ন অধিদপ্তরের blog কে active রাখার ব্যবস্থা করা ;
০৭। কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রে আয়োজিত সকল কোর্সে ইনোভেশন বিষয়ে ন্যূনপক্ষে ১টি ক্লাশ সংযোজন অনুরোধ জানিয়ে পত্র প্রদান;

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৬.০৩.১৭
(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: ershad.dyd@gmail.com

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫-২৪ তারিখঃ ২৬ /০৩/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জনাব--- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব সালেহ্ উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকাকে ইনোভেশন পেইজ প্রকাশের অনুরোধসহ ।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। সংশ্লিষ্ট নথি ।

২৬/০৩/২০১৭
(মোঃ আব্দুর রেজ্জাক)
উপপরিচালক(প্রোগ্রামার) ও
সদস্য সচিব , ইনোভেশন টিম
ফোনঃ ৯৫১৪৯৭৭
e-mail: razzaque1966@gmail.com

পরিশিষ্ট "ক"

১৬/০৩/২০১৭ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব মাসুদা আকন্দ উপপরিচালক(প্রশিক্ষণ)	স্বাক্ষরিত
২	জনাব মোঃ আব্দুর রেজ্জাক উপপরিচালক(প্রোগ্রামার)	স্বাক্ষরিত
৩	জনাব ফরহাত নূর উপপরিচালক (বাস্তবায়ন)(চঃদাঃ)	স্বাক্ষরিত
৪	জনাব মোঃ আতিকুর রহমান উপপরিচালক(বাস্তবায়ন)(চঃদাঃ)	স্বাক্ষরিত
৫	জনাব আতাউর রহমান সহকারী পরিচালক শৃংখলা	স্বাক্ষরিত
৬	জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক(আইসিটি)	স্বাক্ষরিত
৭	জনাব শাহীনূর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	স্বাক্ষরিত
৮	খন্দকার মোঃ রওনাকুল ইসলাম সহকারী পরিচালক (প্রশিক্ষণ)	স্বাক্ষরিত